ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 055 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৫৫ ● কলকাতা ● ১৩ ফাল্গুন, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ২৬ ফেব্রুয়ারী ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বাংলায় ১ কোটি ২০ লক্ষ লোকের নাম বাদ দিয়ে দেবে', আশঙ্কা মুখ্যমন্ত্রী মমতা



স্টাফ রিপোর্টার, রোজদিন

বিধানসভা ভোটের মুখে রাজ্যে এখন সবচেয়ে বড় প্রশ্ন - শেষ পর্যন্ত কতজন ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন? এসআইআর প্রক্রিয়ায় এখনও প্রায় ৬০ লক্ষ ভোটারের অভিযোগের নিষ্পত্তি হয়নি। এই পরিস্থিতিতেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আশঙ্কা প্রকাশ করলেন, শেষ পর্যন্ত প্রায় ১ কোটি ২০ লক্ষ মানুষের নাম বাদ যেতে পারে।তবে প্রাথমিক অনুমান বলছে, আগামী কয়েক দিনে কিছু লক্ষ আবেদন নিষ্পত্তি হলেও ৩০ থেকে ৪০ লক্ষ নাম চূড়ান্ত তালিকায় না থাকার আশঙ্কা

এরপর ৩ পাতায়

## পর্ব 214
## হিমালয়ের সমর্পণ যোগ



এরপর বর্ষা ঋতু আসছে। ঐ সময় ঐ দানার ভাণ্ডার কাছে হওয়ার জন্য সুবিধা হবে, তাই তাকে সুরক্ষিত রাখা উচিত।" "এই কথা বাকী পাখীরা, যারা কম অভিজ্ঞ, মানছে না। সেইজন্য অভিজ্ঞ পাখী তা বার বার বলছে আর তাদের মধ্যে তর্ক চলছে - আজ দানা খুঁজতে কোন দিকে যাওয়া হবে।" শেষ পর্যন্ত ঐ অভিজ্ঞ পাখী বাকী পাখীদের তার কথা বোঝাতে সফল হয়। **ক্রমশঃ**



# ভোট ঘোষণার আগেই প্রার্থী তালিকা প্রস্তুত তৃণমূলের



স্টাফ রিপোর্টার, রোজদিন

বিরোধীদের তুলনায় অনেকটা এগিয়ে তৃণমূল। এটাই হয়তো স্বাভাবিক। বিরোধীরা ঠিকঠাক গুছিয়ে ওঠার আগেই তৃণমূল তাদের প্রার্থী তালিকা প্রস্তুত করে ফেলেছে বলেই জানা যাচ্ছে। বিজেপি এখনও সাংগঠনিক দুর্বলতা কাটিয়ে উঠতে পারেনি। আর সিপিএম, কংগ্রেস, আইএসএফের দশা ততোধিক খারাপ। জোট চূড়ান্ত হলেও আসন বণ্টন নিয়ে হাজার জটিলতা। সেদিক থেকে শাসক শিবির এখনই অনেকটা এগিয়ে। সূত্রের খবর, ২৯৪ টি আসনে প্রার্থী তালিকা প্রায় চূড়ান্ত তৃণমূলের। দীর্ঘ গবেষণা, পরীক্ষানিরীক্ষার পর অভিজ্ঞতা আর তারুণ্যের মেলবন্ধনে তৈরি হয়েছে তালিকা। এতে নতুন মুখ যেমন থাকছে, তেমন অভিজ্ঞরাও থাকছেন। বিধায়ক-রাজ্যের মন্ত্রীরা যেমন থাকছেন, তেমন এক রাজ্যসভার সাংসদেরও টিকিট পাওয়ার সম্ভাবনা রয়েছে। লড়াইয়ের মাটি বুঝে এগিয়ে দেওয়া হচ্ছে প্রত্যেক প্রার্থীকে। প্রাথমিক খবরাখবর অনুযায়ী আসন্ন নির্বাচনে কোন যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হচ্ছেন ঘাসফুল শিবিরের কোন সৈনিক, সেদিকে নজর রাখা যাক।


প্রথমেই তাকানো যাক কলকাতার দিকে। এখানে সিংহভাগ বর্তমান বিধায়কই ফের টিকিট পাচ্ছেন বলে সূত্রের খবর। খুব বেশি বদলের সম্ভাবনা কার্যত নেই। মূল আকর্ষণ ভবানীপুর কেন্দ্র। এখান থেকে আবারও লড়তে দেখা যাবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। এছাড়া রাসবিহারী কেন্দ্রে দেবাশিস কুমার ও কলকাতা বন্দরে ফিরহাদ হাকিমের প্রার্থী হওয়া প্রায় নিশ্চিত। বালিগঞ্জের বিধায়ক বাবুল সুপ্রিয় এখন রাজ্যের মন্ত্রীও। তবে ছাব্বিশের ভোটে তাঁর আসন বদলের সম্ভাবনা বেশি। বাবুলের বদলে বর্ষীয়ান নেতা, আরেক মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় লড়তে পারেন বালিগঞ্জে। টালিগঞ্জে মন্ত্রী অরূপ বিশ্বাসের প্রার্থী হওয়া একপ্রকার নিশ্চিত। বেহালা পূর্বে প্রার্থী বদল না হলেও বেহালা পশ্চিম অর্থাৎ পার্থ চট্টোপাধ্যায়ের আসনে প্রার্থী বদল প্রায় নিশ্চিত। এই কেন্দ্রে অভিজ্ঞ কোনও ব্যক্তিত্বের উপর দায়িত্ব বর্তাতে পারে। এমন আরো বেশ কিছু খবর সামনে আসছে।

# ভোটের আগেই শুরু বিজেপির 'পরিবর্তন যাত্রা'

বেবি চক্রবর্তী

২০২৬ সালে বিধানসভা ভোটের আগেই বিজেপি নেমে পড়েছে ঠান্ডা লড়াইয়ের ময়দানে। সূচাগ্র মেদিনী ছাড়তে রাজী না বিজেপি। সমস্ত কেন্দ্রীয় নেতৃত্বে ঝাঁপিয়ে পরতে চলেছে বাংলায়।

শুরু হবে পরিবর্তন যাত্রা। বিজেপি সূত্রে খবর, কলকাতায় ছাড়া বাকি সব জায়গায় এই যাত্রা হবে। সূত্রের খবর, এ রাজ্যে বিজেপির সাংগঠনিক বিভাগের মোট ১০টির মধ্যে ৯টিতেই এই পরিবর্তন যাত্রা হবে। শুধুমাত্র কলকাতা মহানগর বিভাগে যাত্রা হবে না। ১ মার্চ ‘পরিবর্তন যাত্রা’-র উদ্বোধন হবে কোচবিহার, কৃষ্ণনগর, কুলটি, গড়বেতা এবং রায়দিঘি থেকে।



সেই উপলক্ষে দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে আসবেন অমিত শাহ, নদীয়ায় ‘পরিবর্তন যাত্রা’-র সূচনা করবেন জেপি নাড্ডা, কোচবিহারে এই যাত্রার সূচনা করবেন নীতিন নবীন, আসানসোল থেকে সূচনা করবেন অন্নপূর্ণা দেবী, বীরভূম থেকে এই যাত্রার সূচনা করবেন দেবেন্দ্র ফড়নবিশ। অন্যদিকে, ২ মার্চ এই যাত্রার সূচনা হবে ইসলামপুর, হাসন, সন্দেশখালি এবং আমতা থেকে। সন্দেশখালি থেকে এই যাত্রার সূচনা করবেন কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, ২ জানুয়ারি ‘পরিবর্তন যাত্রা’-র উদ্বোধন হবে উত্তর দিনাজপুর থেকে। নীতিন নবীন এই যাত্রার উদ্বোধন করবেন। হাসনে ‘পরিবর্তন যাত্রা’র উদ্বোধনে থাকছেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ।

রাজনৈতিক বিশেষজ্ঞরা বলছেন, 'পরিবর্তন যাত্রা' উপলক্ষে বিজেপির যে হেভিওয়েট নেতারা এবার মাত্র ৪৮ ঘণ্টার মধ্যে বঙ্গে আসছেন তা কার্যত নজির বিহীন।

এরপর ৩ পাতায়

# দিদিকে বলো'তে ফোন করতেই মিলল ঘাড় ধাক্কা



স্টাফ রিপোর্টার, রোজদিন

২০ মাস বেতন মেলেনি অস্থায়ী কর্মীদের। বাধ্য হয়ে দিদিকে বলোতে ফোন। দিদিকে বলতে ফোন করায় জাত তুলে ঘাড়ধাক্কা দেওয়ার অভিযোগ অস্থায়ী মহিলা কর্মীদের। প্রতিবাদে PWD-র অফিসের সামনে ধরনা অস্থায়ী কর্মীদের। জানা গিয়েছে, PWD-র অফিসে অস্থায়ী দুই কর্মীর প্রায় কুড়ি মাস বেতন মেলেনি।যদিও এই নিয়ে তৃণমূল রাজ্য সম্পাদকের দাবি তিনি বিষয়টি কিছু জানেন না খোঁজখবর নিয়ে দেখছেন। আরামবাগের বিজেপি বিধায়ক মধুসূদন বাগের বক্তব্য, "সরকারের দৈন্য দশাই দেখতে পাওয়া গেল। কর্মবন্ধু প্রকল্পে যাঁরা কাজ করেন, তাঁরা কয়েক মাস বেতন পাননি। এটা নিয়ে কথা বলতে গিয়ে অফিসারের মধ্যে বিতণ্ডা হয়। তাতে দুপক্ষই অপমানিত হয়। এই সমস্যা মিটিয়ে কাজের সুষ্ঠ পরিবেশ তৈরি করতে হবে।"বারবার আধিকারিকদের কাছে আবেদন জানিয়েও ফল হয়নি। বাধ্য হয়ে পারিশ্রমিক মেলার আশায় 'দিদিকে বলো' ফোন নম্বরে ফোন করেন দুই অস্থায়ী কর্মী। সেই খবর আধিকারিকের কাছে পৌঁছতে গত বৃহস্পতিবার দুই অস্থায়ী কর্মীকে আরামবাগ PWD-র অফিসের আধিকারিক মোনজুর হোসেন বিকালে ডেকে পাঠায় বলে অভিযোগ অস্থায়ী কর্মীদের। সেখানে তাদের জানতে চাওয়া হয় 'কেন দিদিকে বলতে ফোন করে জানানো হয়েছে?'

এরপর ৩ পাতায়

(১ম পাতার পর)

# ভোটের আগেই শুরু বিজেপির 'পরিবর্তন যাত্রা'

এর আগে কোনও নির্বাচনের প্রাক্কালে এমন চিত্র বাংলার মানুষ দেখেনি। উল্লেখ্য, এর আগে ২০২১ সালে বাংলায় 'যোগদান' মেলার আয়োজন করেছিল বিজেপি। তখন প্রচুর নেতা কর্মীরা অন্য দল থেকে পদ্ম শিবিরে যোগদান করেছিলেন। কিন্তু ভোটের বাক্সে দেখা গিয়েছিল, তা থেকে খুব বেশি লাভ পায়নি BJP। ২০২৬-এর 'পরিবর্তন যাত্রা'কি সেই লাভ পদ্ম শিবিরে এনে দিতে পারবে? উত্তর মিলবে আগামী দু'মাসের মধ্যেই। এবার বুক বেঁধে ঝাঁপিয়ে পড়েছে বিজেপির সর্বস্তরের নেতা ও কর্মীরা। এখন দেখার শেষ হাসি কে হাসে।

(২ পাতার পর)

# দিদিকে বলো'তে ফোন করতেই মিলল ঘাড় ধাক্কা

অস্থায়ী কর্মীদের সঙ্গে আধিকারিকের বাক- বিতণ্ডা চলার মাঝেই অস্থায়ী কর্মীদের জাত তুলে গালি দেওয়া হয় বলে অভিযোগ। অফিস থেকে ঘাড়ধাক্কা দিয়ে বের করে দেওয়া হয়। শুক্রবার ওই দুই অস্থায়ী কর্মীকে অফিসের গেটের ভেতর ঢুকতে দেওয়া হয়নি। সোমবার থেকেই ওই দুই অস্থায়ী কর্মী P W D অফিসের গেটের সামনে হাতে পোস্টার নিয়ে অবস্থান-বিক্ষোভে বসেছেন।

বুধবার এই খবর পেয়েই আরামবাগ P W D অফিসে আধিকারিকের সঙ্গে দেখা করতে যান আরামবাগের বিজেপি বিধায়ক মধুসূদন বাগ। আধিকারিকদের সঙ্গেও ওই দুই অস্থায়ী কর্মীদের সঙ্গে কথা বলেন। বিধায়কের সঙ্গে অস্থায়ী কর্মীরা PWD অফিসের গেটের ভেতর ঢুকে গেলে তাঁদেরও বার করে দেওয়া হয়। বিধায়কের দাবি, আলোচনার মাধ্যমে বিষয়টি মিটে যাবে।

(১ম পাতার পর)

# বাংলায় ১ কোটি ২০ লক্ষ লোকের নাম বাদ দিয়ে দেবে', আশঙ্কা মুখ্যমন্ত্রী মমতা

রয়েছে। কমিশন সূত্রে আরও জানা গেছে, প্রায় ১ কোটি ২০ লক্ষ তথ্যে অসঙ্গতি এবং ৩২ লক্ষ 'অচিহ্নিত' নাম ঘিরে জট তৈরি হয়েছে। ফলে পরিস্থিতি এখনও অনিশ্চয়তায় মোড়া।ভবানীপুরে জৈন সম্প্রদায়ের এক অনুষ্ঠানে যোগ দিয়ে একাধিক সরকারি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন তিনি। সেখানেই এসআইআর প্রসঙ্গে বলেন, প্রথমে ৫৮ লক্ষ নাম বাদ দেওয়ার কথা শোনা গিয়েছিল, পরে ৮০ লক্ষ নামের ইঙ্গিত মিলছে। তাঁর কথায়, 'সব মিলিয়ে দেখে মনে হচ্ছে ১ কোটি ২০ লক্ষ নাম বাদ দিয়ে দিতে পারে।'

শীর্ষ আদালত নির্দেশ দিয়েছে, ২৮ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে। যদিও অতিরিক্ত তালিকা পরে প্রকাশের সুযোগ থাকবে। কিন্তু কমিশনের বক্তব্য, ভোটের আগে সংশোধিত তালিকা প্রকাশ বাধ্যতামূলক নয়। অর্থাৎ, চূড়ান্ত তালিকায় যাদের নাম থাকবে না, আপাতত তাঁদের ভোটাধিকার কার্যত স্থগিতই থাকবে।

মুখ্যমন্ত্রী বলেন, 'কার নাম বাদ যাচ্ছে - হিন্দু, মুসলিম, শিখ না জৈন, সেটা দেখি না। কিন্তু বৈধ ভোটারের নাম বাদ যাওয়া কোনওভাবেই মেনে নেওয়া যায় না।' তিনি আরও জানান, ২৮ তারিখ তালিকা প্রকাশের পর বাদ পড়া ভোটারদের ভবিষ্যৎ কী হবে, তা নিয়ে অনিশ্চয়তা রয়েছে। এই পরিপ্রেক্ষিতেই বলেন, ''আমি এখানে ন্যায়ের জন্য প্রার্থনা করে যাচ্ছি, যদি সফল হই তাহলে এখানে এসে আবার মাথা ঠেকাব।''

এদিকে সময় হাতে মাত্র কয়েক দিন। এত অল্প সময়ে বিপুল সংখ্যক অভিযোগ খতিয়ে দেখা সম্ভব কি না, তা নিয়েই প্রশ্ন উঠছে। সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে, জুডিশিয়াল অফিসারদের দিয়ে অভিযোগ নিষ্পত্তির কাজ করাতে হবে। এই প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে কলকাতা হাইকোর্টেরও। কমিশন সূত্রের হিসেব, যদি এক হাজারের বেশি বিচারিক আধিকারিক দায়িত্ব নেন এবং প্রত্যেকে দিনে তাঁরা গড়ে ২৫০টি করে আবেদন পরীক্ষা করেন, তবে প্রায় ২০ দিনের মধ্যে কাজ শেষ হতে পারে।

# মাথার উপরের ছাদ হারালেন অনিল আম্বানি, ৩,৭১৬ কোটির বাংলো বাজেয়াপ্ত করল ইডি




স্টাফ রিপোর্টার, রোজদিন

মুম্বই: সময়টা মোটেও ভাল যাচ্ছে না ধীরুভাই আম্বানির কনিষ্ঠ পুত্র অনিল আম্বানির। কুখ্যাত যৌন অপরাধী এপিস্টিনের সঙ্গে তাঁর যোগসাজশের ঘটনা নিয়ে বিতর্ক যখন তুঙ্গে ঠিক তখনই বেআইনি অর্থ পাচার মামলায় মুম্বইয়ের পালি হিলে তাঁর বিলাসবহুল বাংলো বাজেয়াপ্ত করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। তদন্ত চলাকালীন অনিলের মালিকানাধীন একাধিক সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি। এদিন পালি হিলের বাংলো বাজেয়াপ্ত করার পরে এ নিয়ে মোট ১৫ হাজার ৭০০ কোটির সম্পত্তি জব্দ করা হল। ইডির আধিকারিকরা জানিয়েছেন, দ্বিতীয় দফায় জিজ্ঞাসাবাদের জন্য রিলায়েন্স গোষ্ঠীর কর্ণধারকে আগামিকাল বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) ফের তলব করা হয়েছে। ওই তলবে ধীরুভাই পুত্রের হাজিরা দেওয়ার আগেই মুম্বইয়ের বিলাসবহুল বাংলো বাজেয়াপ্ত করা হল। সূত্রের খবর, 'আগামিকাল জেরার জন্য হাজিরা না দিলে অনিলকে গ্রেফতারের মতো

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### শ্যুটআউট কাণ্ডে গ্রেফতার মূল অভিযুক্ত মহম্মদ সলমন

তিলজলা রোডে শ্যুটআউট কাণ্ডে গ্রেফতার মূল অভিযুক্ত মহম্মদ সলমন-সহ ২। কলকাতা থেকে পালানোর পথে গ্রেফতার। ধৃত সলমনের কাছ থেকে উদ্ধার আগ্নেয়াস্ত্র। তিলজলা রোডে গ্রেফতার মূল অভিযুক্ত সলমন ও তাঁর বাবা। খাস কলকাতায় শ্যুটআউট। তিলজলায় গভীর রাতে বাড়ি থেকে ডেকে এক যুবকের উপর গুলি চালানোর অভিযোগ উঠেছিল মহম্মদ সলমন ও তাঁর দলবলের বিরুদ্ধে।অন্যদিকে, হাওড়ায় ঘটেছে হাড়হিম করা এক ঘটনা। হাওড়ার গোলাবাড়ি পিলখানা এলাকায় এক প্রোমোটারকে গুলি করে খুন করা হয়েছে। জনবহুল রাস্তায় প্রকাশ্যে গুলি করা হয় ওই প্রোমোটারকে। পায়ে হেঁটে এসে আচমকাই পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে প্রথমে প্রোমোটারের মাথায় গুলি করে এক দুষ্কৃতী। এরপর তিনি মাটিতে লুটিয়ে পড়লে, তাঁর বুকে গুলি করা হয়। মৃত্যু হয়েছে ২৭ বছরের সফিক খানের। প্রকাশ্যে এসেছে সিসিটিভি ফুটেজ। সেখানে যাকে গুলি চালাতে দেখা গিয়েছে, পুলিশ সূত্রে জানা গিয়েছে তার নাম হারুন খান। পুলিশ সূত্রে খবর, এই হারুনের সঙ্গে ব্যবসায়িক শত্রুতা ছিল হারুনের। তার জেরেই খুন হতে হয়েছে সফিককে, প্রাথমিক তদন্তে অনুমান পুলিশের। অভিযুক্ত হারুনের নামেও আগেও অনেক অভিযোগ ছিল বলে খবর পুলিশ সূত্রে। মৃত প্রোমোটারের পরিবারের দাবি, তাদের ছেলেকে খুনের পিছনে কোনও বড় মাথা রয়েছে। তাদের আরও অভিযোগ, সফিকের কাছে অভিযুক্ত হারুন এবং আরেকজন জন যার নাম রোহিত, তারা মোটা টাকা তোলা চেয়েছিল। টাকা দিতে না পারায় নৃশংস ভাবে খুন করা হয়েছে সফিককে। অভিযুক্তদের খোঁজে তল্লাশি অভিযান শুরু করেছে পুলিশ।এই ঘটনায় ফের শহরের নিরাপত্তা নিয়েও উঠেছিল প্রশ্ন। অবশেষে মূল অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁর বাবাকে গ্রেফতার করা হয়েছে বলে খবর। পুলিশ সূত্রে জানা গিয়েছে, কলকাতা থেকে পালানোর পরিকল্পনা ছিল মহম্মদ সলমনের। সেই খবর পেয়ে যায় পুলিশ। শুরু হয় তল্লাশি অভিযান। অবশেষে পাকড়াও হয় সলমন। ঘটনার পর থেকেই পলাতল ছিল এই অভিযুক্ত।

বেনিয়াপুকুর থানা গ্রেফতার করেছে মহম্মদ সলমন এবং তার বাবা মহম্মদ আনোয়ারকে। ধৃতদের থেকে যে আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে, সেটি তিলজলা শ্যুটআউটে ব্যবহার করা হয়েছিল বলে অনুমান পুলিশের। ধৃতদের আজ শিয়ালদা আদালতে পেশ করা হবে এবং তাদের হেফাজতে চেয়ে আবেদন করতে পারেন তদন্তকারীরা। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, তিলজলার যে এলাকায় গুলি চলেছিল, সেখানে ও সংলগ্ন এলাকায় অনেকদিন ধরেই সিসিটিভি কাজ করে না। এর পিছনেও রয়েছে সলমন ও তার দলবল, অভিযোগ স্থানীয়দের। ঘটনার পর থেকেই অভিযুক্তদের খোঁজ চালাচ্ছিল পুলিশ। আশপাশের এলাকায় চলছিল তল্লাশি। মহম্মদ সলমন কলকাতা ছেড়ে পালানোর পরিকল্পনা করছে জানতে পেরে আরও তৎপর হয় পুলিশ। কলকাতার আশপাশে কোথাও গা-ঢাকা দেওয়ার পরিকল্পনা ছিল অভিযুক্তর। এই ঘটনায় আরও অনেকে যুক্ত বলে অভিযোগ স্থানীয়দের। ধৃতদের জিজ্ঞাসাবাদ করলে বাকিদের খোঁজ মিলবে বলে অনুমান পুলিশের। মোবাইল ট্র্যাক করে ২ অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। তখনই টের পাওয়া যায় যে কলকাতা থেকে পালানোর পরিকল্পনা করছিল অভিযুক্ত।

# মা সারদা সবার অন্নদাত্রী অন্নপূর্ণা দেবী



মৃত্যুঞ্জয় সরদার

**(উনত্রিশতম পর্ব)**



নিষিদ্ধ ঘোষণা করা থেকে বিরত হয়। ব্রিটিশ গোয়েন্দাদের বিশেষ নজর ছিল বেলুড় মঠ, উদ্বোধন, জয়রামবাটী, কোয়ালপাড়া ইত্যাদি স্থানের উপরে। সেই সময়ে অনেক বিপ্লবী মায়ের অনুমতি নিয়েই আশ্রয় নিয়েছিলেন। তরুণ বিপ্লবীদের জন্য তাঁর ভালবাসার অভাব ছিল না।স্বামী প্রেমানন্দ একটি চিঠিতে লিখেছেন, 'শ্রীমার আদেশ পালনই আমাদের ধর্ম, কর্ম। আমরা যন্ত্র, তিনি যন্ত্রী। যাকে যা বলবেন, সে তাই করতে বাধ্য।' প্রেমানন্দের শ্রীমা সারদা সম্পর্কিত অভিমত এই যে, রাজরাজেশ্বরী মা শাক

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# মাথার উপরের ছাদ হারালেন অনিল আম্বানি, ৩,৭১৬ কোটির বাংলো বাজেয়াপ্ত করল ইডি

পদক্ষেপ নেওয়া হবে।' বুধবার (২৫ ফেব্রুয়ারি) ইডির এক মুখপাত্র জানিয়েছেন, 'মুম্বইয়ের পালি হিলে থাকা অনিল আম্বানির বিলাসবহুল বাংলো 'অ্যাডোব' বাজেয়াপ্ত করা হয়েছে।'

ইডি সূত্রে জানা গিয়েছে, মুম্বইয়ের অভিজাত পালি হিলে রাজকীয় প্রাসাদ গড়েছিলেন রিলায়েন্স গ্রুপের কর্ণধার অনিল আম্বানি। ৬৬ মিটার উঁচু বাড়িটি ১৭তলা বিশিষ্ট। বাজারমূল্য ৩,৭১৬ কোটি টাকা। রিলায়েন্স কমের নামে বিভিন্ন ব্যাঙ্ক থেকে নেওয়া কয়েক হাজার কোটি টাকা ঋণ না মেটানোর দায়ে ইতিমধ্যেই অনিলের বিরুদ্ধে তদন্ত শুরু করেছে ইডি ও সিবিআই। বিভিন্ন ব্যাঙ্কের তরফে অনিল ও তাঁর মালিকানাধীন একাধিক সংস্থাকে 'প্রতারক' আখ্যা দেওয়া হয়েছে। গত বছরই ঋণ না মেটানোর দায়ে একাধিকবার ইডির জেরার মুখে পড়তে হয়েছিল ধীরুভাই আম্বানির ছোট ছেলেকে।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এই চামুণ্ডার সঙ্গে গুপ্তোত্তর যুগে বা মধ্যযুগের গোড়ার দিকে কালীর অভিন্নতা কল্পনা ঘটেছে, ব্রতীন্দ্রনাথ মুখোপাধ্যায় বলেন (৪৯)।

বজ্রযানে বারংবার দলবদ্ধভাবে দেবতা ও সঙ্গীরা আবির্ভূত হন।

**ক্রমশঃ**


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পূর্ব মেদিনীপুরে পারিজাত বিশ্বাসকে পুলিশ সুপার করা হল

স্টাফ রিপোর্টার, রোজদিন

রাজ্য পুলিশে রদবদল করা হয়েছিল। বদল করা হয়েছিল ১০ পুলিশ সুপারকে। এর আগে পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার ছিলেন সৌম্যদীপ ভট্টাচার্য। তাঁকে বাঁকুড়ার এসপি করে পাঠানো হয়। তখন থেকেই পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপারের পদটি খালি ছিল।দার্জিলিঙের গোর্খা ব্যাটেলিয়নের কমান্ড্যান্ট করা হয়েছে অংশুমান সাহাকে। পশ্চিম মেদিনীপুরের অ্যাডিশনাল এসপি (ট্রাফিক) ছিলেন মনোরঞ্জন ঘোষ। তাঁকে বিধাননগর পুলিশ কমিশনারেটের অ্যাডিশনাল ডিসি করা হয়েছে। পশ্চিম মেদিনীপুরের অ্যাডিশনাল এসপি (ট্রাফিক) করে পাঠানো হয়েছে আসানসোল দুর্গাপুরের দায়িত্বে থাকা সুব্রত দেবকে। কোচবিহারের অ্যাডিশনাল এসপি হলেন কুন্তল বন্দ্যোপাধ্যায়। রানাঘাটের অ্যাডিশনাল এসপি হলেন কৃষ্ণগোপাল মীনা। মুর্শিদাবাদের অ্যাডিশনাল এসপি (ট্রাফিক) করা হয়েছে সুমন্ত কবিরাজকে। এ ছাড়া, নতুন দায়িত্ব পেয়েছেন জলপাইগুড়ি (গ্রামীণ)-এর অ্যাডিশনাল এসপি উত্তম ঘোষ, কৃষ্ণনগরের (গ্রামীণ) অ্যাডিশনাল এসপি সুরজিৎ কুমার দে, রায়গঞ্জের অ্যাডিশনাল এসপি সমীর আহমেদ, পূর্ব বর্ধমানের অ্যাডিশনাল এসপি (ট্রাফিক) লাল্টু হালদার, খড়্গপুরের অ্যাডিশনাল এসআরপি মিতুনকুমার দে, বনগাঁর এসডিপিও অভিষেক যাদব এবং পূর্ব বর্ধমানের এসডিপিও (কালনা) দেশমুখ রোশন প্রদীপ।(বাঁ দিকে) পূর্ব মেদিনীপুরের নতুন পুলিশ সুপার পারিজাত বিশ্বাস। কোচবিহারের প্রাক্তন পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য (ডান দিকে)। —ফাইল চিত্র।



ভোটের মুখে রাজ্য পুলিশে ফের রদবদল। প্রায় তিন মাস পরে পুলিশ সুপার পেল পূর্ব মেদিনীপুর। পাশাপাশি, নতুন দায়িত্ব দেওয়া হল কোচবিহারে 'স্যান্ডো গেঞ্জি' বিতর্কে জড়িয়ে পড়া সেই দ্যুতিমান ভট্টাচার্যকেও।

গত ২৭ নভেম্বর রাজ্য পুলিশে রদবদল করা হয়েছিল। বদল করা হয়েছিল ১০ পুলিশ সুপারকে। এর আগে পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার ছিলেন সৌম্যদীপ ভট্টাচার্য। তাঁকে বাঁকুড়ার এসপি করে পাঠানো হয়। তখন থেকেই পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপারের পদটি খালি ছিল। দক্ষিণ ২৪ পরগনা থেকে মিতুন দে-কে পূর্ব মেদিনীপুরে পাঠানো হয়েছিল অ্যাডিশনাল এসপি হিসাবে। এত দিন তিনিই ভারপ্রাপ্ত পুলিশ সুপার হিসাবে কাজ করছিলেন। এ বার ভোটের আগে পূর্ব মেদিনীপুরের এসপি করে পাঠানো হল পারিজাত বিশ্বাসকে। তিনি এত দিন পুরুলিয়ার ১১ ব্যাটালিয়নের কমান্ড্যান্ট ছিলেন। মিতুনকে বদলি করে খড়্গপুরে পাঠানো হয়েছে।

কোচবিহারের এসপি ছিলেন দ্যুতিমান। কিন্তু কালীপুজোর রাতে বিতর্কে জড়িয়ে পড়েছিলেন তিনি। তাঁর বিরুদ্ধে রাতে স্যান্ডো গেঞ্জি পরে বেরিয়ে এলাকার বাসিন্দাদের মারধর করার অভিযোগ উঠেছিল। স্থানীয় সূত্রে জানা যায়, গভীর রাত পর্যন্ত শব্দবাজি ফাটানো হচ্ছিল ওই এলাকায়। সেই কারণেই বিরক্ত হয়ে বাংলো থেকে বেরিয়ে আসেন খোদ এসপি। যদিও মারধরের অভিযোগ তিনি অস্বীকার করেছেন। তবে ওই অভিযোগের পরেই তাঁকে কোচবিহার থেকে সরিয়ে দিয়েছিল নবান্ন। পাঠানো হয়েছিল ৩ নম্বর ব্যাটালিয়নের কমান্ড্যান্ট হিসাবে। এ বার তাঁকে ব্যারাকপুরের ডিসি (দক্ষিণ) করা হয়েছে।

রাজ্য পুলিশে মোট ২৩টি রদবদলের বিজ্ঞপ্তি বুধবার জারি করা হয়েছে। হাওড়ার ডিসি (ট্রাফিক) থেকে অসীম খানকে সরিয়ে পাঠানো হয়েছে ব্যারাকপুরের ডিসি (উত্তর) করে। ব্যারাকপুরের ডিসি (উত্তর) থেকে গণেশ বিশ্বাসকে পাঠানো হয়েছে হাওড়ার ডিসি (দক্ষিণ) করে। হাওড়ার ডিসি (দক্ষিণ) থেকে সুরিন্দর সিংহকে তিন নম্বর ব্যাটেলিয়নের কমান্ডার করে পাঠানো হয়েছে। অনুপম সিংহ ব্যারাকপুরের ডিসি (দক্ষিণ) ছিলেন। তাঁকে হাওড়ার ডিসি (ট্রাফিক) করা হয়েছে। ব্যারাকপুরের ডিসি (এসবি) ছিলেন জয় টুডু। তিনি হোম গার্ড অর্গানাইজ়েশনের সিনিয়র স্টাফ অফিসারের দায়িত্ব পেয়েছেন। এই পদে এত দিন ছিলেন পাপিয়া সুলতানা। তাঁকে ব্যারাকপুরের ডিসি (এসবি) করা হয়েছে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# গলা ধাক্কা খাওয়ার আগেই সরে দাঁড়ালেন পাক এজেন্ট ঢাকার পুলিশ কমিশনার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



**ঢাকা:** ক্ষমতায় আসার পর থেকেই দেশের একাধিক ক্ষেত্রকে ঢেলে সাজাতে শুরু করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বাংলাদেশকে ঘুণ পোকার মত নষ্ট করার মূলে থাকা ইউনূসের নিয়োগ করা প্রশাসনিক কর্তাদের একে একে সরিয়ে দিচ্ছেন তারেক । শীর্ষ পদে একাধিক রদবদল করেছেন। নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর এবার গলা ধাক্কা দেওয়ার আগে পুলিশ প্রশাসনের রদবদলের মধ্যে ইস্তফা দিলেন ঢাকার পুলিশ কমিশনার শেখ মহম্মদ সাজ্জাত আলী।প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পরেই সেনা বাহিনী, বিচার বিভাগ ও প্রশাসনকে পাকিস্তানি এজেন্টদের কবল মুক্ত করার সিদ্ধান্ত নিয়েছেন তারেক রহমান। গত রবিবারই সেনার শীর্ষ পর্যায়ের পদে ব্যাপক রদবদল ঘটিয়েছিলেন।সেনার দ্বিতীয় ক্ষমতাশালী তথা পাকিস্তানপ্রমী কামরুল হাসানকে সেনা বাহিনী থেকে সরিয়ে দিয়েছিলেন। এদিন সকালেই আন্তর্জাতিক অপরাধ আদালতের প্রধান কৌঁসুলির পদ থেকে গলা ধাক্কা দিয়েছিলেন আর বদর ( এবি পার্টি) নেতা তথা আইএসআইয়ের এজেন্ট তাজুল ইসলামকে। তার কয়েক ঘণ্টার মধ্যে ঘাড় ধাক্কা দিলেন ১২ সচিবকে। এই মুক্তিযুদ্ধ বিরোধী পাকিস্তানি দালালদের মধ্যে রয়েছেন খোদ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাইফুল আলম পান্না। আইএসআইয়ের নির্দেশে এদের চুক্তিভিত্তিক নিয়োগ করেছিলেন তদারকি সরকারের প্রধান উপদেষ্টা তথ্য পাকিস্তানি এজেন্ট মোল্লা মুহাম্মদ ইউনূস।মহম্মদ সাজ্জাত আলী ব্যক্তিগত ও পারিবারিক' কারণ দেখিয়ে দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে পুলিশ সদর দপ্তরে চিঠি পাঠিয়েছেন বলে জানা গিয়েছে। কেমন এমন পদক্ষেপ সেই বিষয়ে তিনি জানিয়েছেন, "আগামী নভেম্বর পর্যন্ত আমার চুক্তির মেয়াদ আছে। তবে আমি আজ অব্যাহতি চেয়ে চিঠি দিয়েছি।" পুলিশের ডিরেক্টর জেনারেলের পদে পরিবর্তন আসার পরদিনই সরে যাওয়ার কথা জানালেন ডিএমপি কমিশনার। অনেকেই বলছেন, তাঁকে তারেক রহমানের সরকার সরিয়ে দেবে এই আঁচ পেয়ে সম্মান বাঁচাতে আগে থেকেই পদত্যাগ করেছেন।

প্রসঙ্গত, রাজাকার মুহাম্মদ ইউনূসের নিয়োগ করা বাংলাদেশ পুলিশের প্রধান তথা জামায়াতের ক্যাডার বাহারুল আলমকে বরখাস্ত করেন তারেক রহমানের সরকার। তার জায়গায় বাংলাদেশ পুলিশের নয়া আইজিপি হয়েছেন আলী হোসেন ফকির। ১৫তম বিসিএস ক্যাডারের আধিকারিক আলী হোসেন বর্তমানে এপিবিএনের প্রধানের দায়িত্বে রয়েছেন। অতিরিক্ত মহাপরিদর্শক থেকে পদোন্নতি দিয়ে তাঁকে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) করা হয়েছে। মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

# পিলখানায় প্রোমোটার খুনের পর রণক্ষেত্র হাওড়া

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



পিলখানায় সফিক খান (২৭) নামে এক তরুণ প্রোমোটারকে প্রকাশ্য দিবালোকে গুলি করে হত্যার ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। বুধবার ভোরে চায়ের দোকানের সামনে সিসিটিভি ক্যামেরার নজরদারিতেই আততায়ীরা পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে গুলি চালিয়ে চম্পট দেয়। এই ঘটনায় পুলিশের নিরাপত্তা ব্যবস্থা এবং অপরাধীদের নির্ভীক গতিবিধি নিয়ে সাধারণ মানুষের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।উত্তেজিত জনতা উত্তর হাওড়ার বিধায়ক গৌতম চৌধুরী এবং সংবাদমাধ্যমের ওপর হামলা চালায়। বিজেপি নেতা উমেশ রাইয়ের দাবি, মূল অভিযুক্ত তৃণমূল যুব নেতার ঘনিষ্ঠ। যদিও বিধায়ক সমস্ত অভিযোগ অস্বীকার করে একে রাজনৈতিক চক্রান্ত বলে দাবি করেছেন। বর্তমানে গোলাবাড়ি থানা ও বিশাল পুলিশ বাহিনী পিলখানা এলাকার পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে এবং অভিযুক্তদের সন্ধানে তল্লাশি চালাচ্ছে।বিক্ষুব্ধ জনতা অভিযুক্তের বাড়িতে ভাঙচুর চালিয়ে আসবাবপত্রে আগুন ধরিয়ে দেয় এবং দমকলকে বাধা প্রদান করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এলাকায় বিশাল কমব্যাট ফোর্স ও র‍্যাফ মোতায়েন করা হয়েছে। তদন্তে নেমে পুলিশ জানিয়েছে, পুরনো শত্রুতা বা আর্থিক লেনদেনের জেরে এই খুন হতে পারে। ঘটনাস্থল থেকে ফরেন্সিক নমুনা ও সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হয়েছে।

# সিনেমার খবর

# স্থগিত শাহরুখ-সালমানের 'টাইগার ভার্সেস পাঠান' সিনেমা!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



'পাঠান' এবং 'টাইগার' সাফল্যের পর স্পাই ইউনিভার্সের দর্শক-অনুরাগীদের ধামাকা দিতে চেয়েছিলেন যশরাজ ফিল্মসের প্রযোজক আদিত্য চোপড়া। ভারতের হিন্দি সিনেমার দুই তারকা শাহরুখ খান ও সালমান খানকে একসঙ্গে নিয়ে 'টাইগার ভার্সেস পাঠান' সিনেমায় হাজির করবেন পর্দার 'করণ-অর্জুন'কে।

শাহরুখ-সালমানের দ্বৈরথে সিনেপর্দা কাঁপিয়ে বক্স অফিসেও দারুণ ব্যবসা দিবে, সে কথা আর আলাদা করে বলার অপেক্ষা রাখে না। সূত্রের ভাষ্যমতে, 'টাইগার ভার্সেস পাঠান' ছবি নির্মাণের বাজেট 'পাঠান' এবং 'টাইগার ৩' এর বাজেটকেও ছাড়িয়ে যাবে। অর্থাৎ, দুই 'খান' অভিনীত এই ছবিই হতে যাচ্ছে বলিউডের সবচেয়ে ব্যয়বহুল ছবি।

কিন্তু আপাতত থমকে গিয়েছে ৩০০ কোটি রুপি সেই স্বপ্নের প্রজেক্ট। যশ রাজ ফিল্মসের উচ্চাকাঙ্ক্ষী ছবিকে সাময়িক বিরতিতে পাঠিয়েছে।

সূত্রটি দাবি করেছে, ছবিটি প্রি-প্রোডাকশন পর্যায়ে পৌঁছানোর আগেই বাজেট নিয়ে বড় জটিলতা দেখা দিয়েছে।মূলত শাহরুখ ও সালমনের মতো দেশের এত বড় দুই তারকার পারিশ্রমিকে ব্যয় করতে হচ্ছে ১০০ কোটি রুপি। এর সঙ্গে আন্তর্জাতিক লোকেশন, স্টান্ট, অ্যাকশন সেট-পিস, ভিএফএক্স বাছাইয়েও জটিলতার সৃষ্টি হয়েছে। সব মিলিয়ে ছবির সম্ভাব্য বাজেট পৌঁছে যায় এমন এক উচ্চতায়, যা বর্তমান বাজারে বিরাট ঝুঁকির বলেই মনে করছে প্রযোজনা সংস্থা।

ইন্ডাস্ট্রিতে ক্রমবর্ধমান প্রোডাকশন খরচ, তারকার পারিশ্রমিক, এবং বক্স অফিসের অনিশ্চয়তা, সব মিলিয়ে বলিউডের ফার্স্ট বয়-এর স্টুডিও-ও এখন হিসেবি হতে বাধ্য। ফলে প্রকল্পটি বাতিল নয়, তবে আপাতত স্থগিত রাখা হয়েছে বলেই শোনা যাচ্ছে।

এদিকে বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ্যে আসতেই মিশ্র প্রতিক্রিয়া শুরু হয়েছে। কেউ বলছেন, এত বড় দুই তারকা বড় পারিশ্রমিক চাইবেন, এটাই স্বাভাবিক। কেউ আবার মনে করছেন, বলিউডে এখন আর অত বড় বাজেটের ঝুঁকি নিতে চাইছে না প্রযোজকরা। আবার অনেক দর্শকের মতে, শাহরুখ-সলমনকে আবার একসঙ্গে বড় পর্দায় দেখার সুযোগ হাতছাড়া হলে সেটি সত্যিই 'ঐতিহাসিক মিস' হবে।

সব মিলিয়ে পরিস্থিতি এখন অনিশ্চিত। তবে ইন্ডাস্ট্রির অভিজ্ঞরা বলছেন, বড় প্রজেক্টের পরিকল্পনা কখনও পুরোপুরি শেষ হয়ে যায় না। সঠিক সময়, সঠিক বাজার, আর সঠিক হিসেব মিললেই আবার আলোচনায় ফিরে আসে।

# মাতৃত্ব নিয়ে পড়াশোনায় গভীর আগ্রহী আলিয়া

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বলিউড অভিনেত্রী আলিয়া ভাট অভিনয়ের পাশাপাশি নিজের মাতৃত্ব নিয়েও যথেষ্ট সচেতন। ২০২২ সালের নভেম্বরে তার প্রথম সন্তান রাহার জন্ম হয়। এরপর থেকেই রুপালি পর্দায় ব্যস্ততা কমিয়ে দেন তিনি। মেয়ে ও সংসার নিয়েই সময় কাটাতে থাকেন।

মা হওয়ার পর থেকে জীবনের নানা সময়ের অনুভূতি ও অভিজ্ঞতা নিয়ে প্রায়ই কথা বলতে দেখা যায় অভিনেত্রীকে। এবার মাতৃত্ব নিয়ে পড়াশোনায় তার গভীর আগ্রহের কথা প্রকাশ করলেন আলিয়া।

সম্প্রতি ইনস্টাগ্রাম স্টোরিতে আলিয়া শেয়ার করেন তিনি বর্তমানে 'দ্য প্যারেন্টস তাও তে চিং: অ্যানশিয়েন্ট অ্যাডভাইস ফর মডার্ন প্যারেন্টস' বইটি পড়ছেন। এটি লিখেছেন উইলিয়াম মার্টিন। বইটি প্রাচীন চীনা দার্শনিক গ্রন্থ তাও তে চিং-এর আধুনিক পুনর্ব্যাখ্যা, যেখানে সমসাময়িক বাবা-মায়েদের জন্য প্রাচীন জ্ঞান থেকে দিকনির্দেশনা তুলে ধরা হয়েছে।

বইটির ছবি পোস্ট করে আলিয়া শুধু লিখেছেন, 'আসক্ত'।

আলিয়া ২০২২ সালের এপ্রিলে অভিনেতা রণবীর কাপুরকে-কে বিয়ে করেন। একই বছরের নভেম্বরে তাদের কন্যা রাহার জন্ম হয়। মাতৃত্বের অভিজ্ঞতার মধ্যেই তিনি এখন অভিভাবকত্ব বিষয়ক বইয়ে আগ্রহী হয়ে উঠেছেন বলে মনে করছেন ভক্তরা।

কাজের ক্ষেত্রেও ব্যস্ত সময় পার করছেন এ অভিনেত্রী। তাকে পরবর্তীতে দেখা যাবে স্পাই থ্রিলার ছবি 'আলফা'-তে। ছবিটিতে আরও অভিনয় করেছেন শর্বরী, ববি দেওল ও অনিল কাপুর। প্রযোজনা প্রতিষ্ঠান যশরাজ ফিল্মস জানিয়েছে, ভিএফএক্সের কাজ সম্পন্ন করতে অতিরিক্ত সময় প্রয়োজন হওয়ায় ছবিটি ২০২৬ সালের ১৭ এপ্রিল প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। এটি এ প্রযোজনা প্রতিষ্ঠানটির স্পাই ইউনিভার্সের অংশ।

এদিকে আলিয়া বর্তমানে সঞ্জয়লীলা বানসালি পরিচালিত 'লাভ অ্যান্ড ওয়ার' ছবির শুটিং করছেন। ১৯৬০-এর দশকের যুদ্ধপ্রেক্ষাপটে নির্মিত এই এপিক রোমান্টিক ড্রামায় আরও রয়েছেন রণবীর কাপুর ও ভিকি কৌশল।

# দীর্ঘ ক্যারিয়ারে কোনো ঘনিষ্ঠ দৃশ্যে অভিনয় করেননি: তামান্না ভাটিয়া



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউড অভিনেত্রী তামান্না ভাটিয়া অভিনয়ের পাশাপাশি বর্তমানে নাচের জন্য আকাশচুম্বী পারিশ্রমিক নিচ্ছেন, তাও এখন টক অব দ্য টাউনে পরিণত হয়েছে। সম্প্রতি 'দ্য ব্যাডস অব বলিউড'-এর 'গফুর' গানে তার পারফরম্যান্স করে সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে রীতিমতো ঝড় তুলেছেন। এর আগে 'আজ কি রাত' কিংবা 'কাবালা'র মতো গানেও অভিনেত্রীর নাচ দেখে সিনেমাপ্রেমী দর্শকরা তাকে আইটেম গানের অঘোষিত রানি হিসেবে মেনে নিয়েছেন।

আইটেম গার্লখ্যাত অভিনেত্রী গত বছরের শেষে গোয়ার এক সমুদ্রসৈকতে বর্ষবরণ অনুষ্ঠানে মাত্র ৬ মিনিট নাচের জন্য নিয়েছিলেন ৬ কোটি টাকা। শুধু নাচেই নয়, দক্ষিণী সিনেমা থেকে শুরু করে বলিউডের 'লাস্ট স্টোরিজ ২'-এও তার অভিনয় বেশ প্রশংসিত হয়েছে।

বিশেষ করে 'লাস্ট স্টোরিজ ২'-এ তামান্নার সাহসী অভিনয় নিয়ে ব্যাপক চর্চা হয়েছিল। সম্প্রতি এক সাক্ষাৎকারে অভিনেত্রী তার অন্তরঙ্গ দৃশ্য নিয়ে এক চাঞ্চল্যকর তথ্য দিয়েছেন। তামান্না দাবি করে বলেন, দীর্ঘ ক্যারিয়ারে তিনি আসলে তেমন কোনো ঘনিষ্ঠ দৃশ্যে অভিনয় করেননি। অভিনেত্রী বলেন, পুরো ক্যারিয়ারে আমি তেমন কোনো অন্তরঙ্গ দৃশ্যই করিনি, যা করেছি, তা অত্যন্ত সামান্য।'

এটা কি তামান্নার ব্যক্তিগত কোনো সিদ্ধান্ত?— এমন প্রশ্নের জবাবে অভিনেত্রী বলেন, তিনি উদ্দেশ্যপ্রণোদিতভাবেই এ ধরনের দৃশ্য থেকে নিজেকে দূরে রেখেছেন। বর্তমান ইন্টারনেটের যুগে দর্শকরা সব ধরনের কন্টেন্ট দেখার সুযোগ পাচ্ছেন, তাই সব কিছুই খুব ভেবেচিন্তে করতে হয়।

তামান্না বলেন, 'অভিনেত্রী হিসেবে কোনো ভয় বা দ্বিধা যেন আমার এগিয়ে যাওয়ার পথে বাধা না হয়। আমি চাই না কোনো কিছু আমাকে আটকে রাখুক।' তিনি বলেন, গল্পের প্রয়োজনে চুম্বনের মতো দৃশ্য থাকলে সেটিকে চিত্রনাট্যের অংশ হিসেবেই দেখা উচিত। সময়ের সঙ্গে সঙ্গে চলচ্চিত্রের ধারা পরিবর্তন হওয়াটাকেও ইতিবাচক হিসেবে দেখেন বলে জানান তামান্না ভাটিয়া।

### টি-টোয়েন্টি বিশ্বকাপে

# হারলেও আশা শেষ নয়, সেমিতে যেতে কঠিন সমীকরণের সামনে পাকিস্তান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপে সুপার এইটের ম্যাচে ইংল্যান্ডের বিপক্ষে হেরে পাকিস্তানের সেমিফাইনালে যাওয়ার সম্ভাবনায় লেগেছে বড় ধাক্কা। যদিও শেষ চারের লড়াই থেকে এখনও তারা পুরোপুরি ছিটকে যায়নি।

মঙ্গলবার পাকিস্তানকে ২ উইকেটে হারিয়ে প্রথম দল হিসেবে সেমিফাইনালের টিকেট নিশ্চিত করে ইংল্যান্ড। এই ধাপে প্রথম দুই ম্যাচ জিতে ৪ পয়েন্ট নিয়ে দুই নম্বর গ্রুপের শীর্ষে আছে ইংল্যান্ড। দুই ম্যাচে ১ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছে পাকিস্তান। তাদের সঙ্গে প্রথম ম্যাচে বৃষ্টির কারণে পয়েন্ট ভাগাভাগি করা নিউ জিল্যান্ড ১ পয়েন্ট নিয়ে নেট রান রেটে এগিয়ে দ্বিতীয় স্থানে আছে। প্রথম ম্যাচে হারা শ্রীলঙ্কার পয়েন্ট শূন্য।

শীর্ষ দুই দল পাবে সেমি-ফাইনালের টিকেট। ইংল্যান্ডের বিপক্ষে হেরে পাকিস্তানের সেমিফাইনালে যাওয়ার ভাগ্য আর তাদের হাতে নেই। তবে অন্যান্য ম্যাচের ফলের ওপর নির্ভর করে শেষ চারে যেতে পারে তারা। এজন্য তাদের মেলাতে হবে কিছু সমীকরণ।

সমীকরণ-১

নিউজিল্যান্ড যদি তাদের বাকি দুই ম্যাচেই (শ্রীলঙ্কা ও ইংল্যান্ড) হেরে যায় এবং পাকিস্তান তাদের শেষ ম্যাচে শ্রীলঙ্কাকে হারাতে পারে, তাহলে সেমিফাইনালে খেলবে সালমান আলি আগার দল। এক্ষেত্রে ৬ পয়েন্ট নিয়ে তালিকার শীর্ষে থাকবে ইংল্যান্ড। ৩ পয়েন্ট নিয়ে দুইয়ে থাকবে পাকিস্তান। ২ পয়েন্ট নিয়ে শ্রীলঙ্কা থাকবে তিনে, ১ পয়েন্ট নিয়ে নিউ জিল্যান্ড চারে থাকবে।

সমীকরণ-২

নিউজিল্যান্ড যদি তাদের বাকি দুই ম্যাচের একটিতে জেতে, তখন পাকিস্তানকে বড় ব্যবধানে জিততে হবে শ্রীলঙ্কার বিপক্ষে, যাতে তারা নেট রান রেটে নিউজিল্যান্ডকে পেছনে ফেলতে পারে। তখন নিউজিল্যান্ডের সমান ৩ পয়েন্ট হলেও নেট রান রেটে এগিয়ে থেকে শেষ চারে যাবে পাকিস্তান।

এখন নিউ জিল্যান্ডের নেট রান রেট ০.০০০, পাকিস্তানের -০.৪৬১, শ্রীলঙ্কার -২.৫৫০। নিউজিল্যান্ড যদি তাদের বাকি দুই ম্যাচেই জেতে, তাহলে সেমিফাইনালে উঠে যাবে তারাই। পাকিস্তান ও শ্রীলঙ্কার মুখোমুখি লড়াইটা তখন হবে যাবে শুধুই আনুষ্ঠানিকতার।

আর যদি নিউজিল্যান্ড তাদের বাকি দুই ম্যাচেই হারে এবং পাকিস্তানও হারে শ্রীলঙ্কার বিপক্ষে, তখন লঙ্কানরা ৪ পয়েন্ট নিয়ে উঠে যাবে সেমি-ফাইনালে। নিউজিল্যান্ড বুধবার শ্রীলঙ্কার বিপক্ষে ও আগামী শুক্রবার ইংল্যান্ডের বিপক্ষে খেলবে। আগামী শনিবার শ্রীলঙ্কার বিপক্ষে খেলবে পাকিস্তান।

## ‘শাহিন, বাবর ও শাদাবের সময় শেষ’



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের কাছে বড় ব্যবধানে হারের পর পাকিস্তান ক্রিকেটে সমালোচনার ঝড় বইছে। এবার দেশের কিংবদন্তি ব্যাটসম্যান মোহাম্মদ ইউসুফ তিন সিনিয়র ক্রিকেটার—বাবর আজম, শাহিন শাহ আফ্রিদি ও শাদাব খান কে আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে অবসর নেওয়ার পরামর্শ দিয়েছেন। তার মতে, এই খেলোয়াড়দের সময় শেষ হয়ে গেছে এবং এখন নতুন প্রতিভাদের সুযোগ দেওয়া উচিত।

রোববার (১৫ ফেব্রুয়ারি) কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়াম-এ ভারতের বিপক্ষে ১৭৬ রানের লক্ষ্য তাড়া করতে নেমে পাকিস্তান মাত্র ১১৪ রানেই অলআউট হয়ে যায়, ভারতের কাছে ৬১ রানে হেরে যায় সালমান আলী আঘাদের দল।

ম্যাচ শেষে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) ইউসুফ লিখেছেন, ‘শাহিন, বাবর ও শাদাবের সময় শেষ। পাকিস্তানের টি-টোয়েন্টি স্কোয়াডে এখন নতুন পারফর্মারের প্রয়োজন। দুর্বল দলের বিপক্ষে অর্থহীন জয়ের দিন শেষ।’

ভারতের বিরুদ্ধে এই তিন অভিজ্ঞ ক্রিকেটারের পারফরম্যান্স হতাশাজনক ছিল। চার নম্বরে ব্যাট করতে নেমে বাবর মাত্র ৭ বলে ৫ রান করেন। বল হাতে শাহিন আফ্রিদি ২ ওভারে ৩১ রান দিয়ে মাত্র ১ উইকেট নেন। শাদাব খানও ১ ওভার বল করে ১৭ রান দেন এবং ব্যাটে মাত্র ১৪ রান করে দলের চাপ বাড়ান।

পাকিস্তানের সাবেক ক্রিকেটারদের মতে, বড় ম্যাচে অভিজ্ঞদের এমন পারফরম্যান্স পাকিস্তান ক্রিকেটের জন্য উদ্বেগের বিষয়। তাই বাবর-শাহিন-শাদাবদের ওপর ভরসা কমিয়ে নতুন তরুণদের হাতে টি-টোয়েন্টির দায়িত্ব দেওয়ার দাবি তীব্র হচ্ছে।

## লেভানডস্কির গন্তব্য নিয়ে নতুন তথ্য



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মৌসুম শেষে বার্সেলোনা ছাড়বেন রবার্ট লেভানডস্কি কিছুদিন ধরেই এমন গুঞ্জন ঘুরপাক খাচ্ছে সোশ্যাল মিডিয়ায়। যুক্তরাষ্ট্র ভিত্তিক আন্তর্জাতিক ক্রীড়া নেটওয়ার্ক ইএসপিএনের বিশ্লেষক জানুশ মিখালিক জানিয়েছেন, এই পোলিশ স্ট্রাইকারকে দলে ভেড়াতে জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে মেজর সকার লিগের ক্লাব শিকাগো ফায়ার।

লেভানডস্কি যুক্তরাষ্ট্রে গেলে কেবল দলবদলই হবে না, তৈরি হবে নতুন আকর্ষণও। ইন্টার মায়ামির মেসির বিপক্ষে বছরে অন্তত দুইবার মুখোমুখি হওয়ার সম্ভাবনা থাকবে।

সৌদি আরব, ইতালি ও তুরস্কের ক্লাবগুলোর আগ্রহের থাকলেও স্প্যানিশ গণমাধ্যম মার্কা বলছে, লেভানডস্কির যুক্তরাষ্ট্রে যাওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি।

বার্সেলোনার সঙ্গে চলতি বছরের ৩০ জুন পর্যন্ত চুক্তির মেয়াদ রয়েছে লেভানডস্কির। মিখালিক জানিয়েছেন, লেভানডস্কি ও বার্সেলোনার অবস্থানের দিকে নজর রাখছে শিকাগো।

কোচ ও ক্রীড়া পরিচালক গ্রেগ বারহাল্টার কয়েক মাস আগে স্পেনে গিয়ে লেভানডফস্কি ও তার প্রতিনিধিদের সঙ্গে বৈঠকও করেছেন। তবে গ্রীষ্মকালীন দলবদলের আগে লেভানডস্কি সিদ্ধান্ত না দিলে বিকল্প খেলোয়াড়ের দিকে ঝুঁকতে পারে শিকাগো। এছাড়া, চূড়ান্ত সিদ্ধান্ত অনেকটা নির্ভর করছে বার্সেলোনার পরিস্থিতির ওপর। কারণ ৩৭ বছর বয়সী লেভানডস্কিকে বার্সা ধরে রাখবে নাকি ছেড়ে দেবে তা নিয়ে ধোঁয়াশা রয়েছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR